দৈনিক বাংলা

তারিখ 25 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ১

39

# আরও মেডিক্যাল কলেজ

আগামী ১৯৯৬ সালের মধ্যে দেশে আরও ৫টি মেডিক্যাল কলেজ স্থাপন করা হবে। জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের উপমন্ত্রী জানান—দিনাজপুর, বগুড়া, ফরিদপুর, খুলনা ও কুমিল্লায় মেডিক্যাল কলেজগুলি প্রতিষ্ঠিত হবে।

অধিক সংখ্যক মেডিক্যাল কলেজ স্থাপনের সিদ্ধান্তকে আমরা অভিনন্দন জানাই। চিকিৎসা এবং শিক্ষা উভয় খাতের দৃষ্টিকোণ থেকেই এ সিদ্ধান্তকে গুরুত্বপূর্ণ বলতে হবে। মেডিক্যাল কলেজ স্থাপিত হলে প্রতিবছর ভর্তিসমস্যা লঘু করার বিষয়ে প্রতিষ্ঠানগুলি যেমন ভূমিকা রাখবে তেমনি মেডিক্যাল কলেজ থেকে পাস করা ডাক্তাররা চিকিৎসা–ব্যবস্থায় অবদানও রাখার সুযোগ পাবে। এইচএসসি পাস করা ছাত্রছাত্রীরা প্রতিবছর উচ্চ শিক্ষাঙ্গনে গিয়ে একটা বিপত্তির সম্মুখীন হয়। দেশে সীমিত সংখ্যক কয়েকটি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ রয়েছে। উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক সব শিক্ষার্থীর এখানে স্থানসংকুলান হয় না। প্রতিবছর একটা উল্লেখযোগ্য অংশ হারিয়ে যায়। এ অবস্থা দেশের শিক্ষা সম্পর্কিত উচ্চাকাঙ্ক্ষার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। মেডিক্যাল কলেজ স্থাপন করা হলে উচ্চশিক্ষায় উচ্ছুক শিক্ষার্থীদের জন্য ভর্তির সুযোগ সম্প্রসারিত হবে। অন্যদিকে ২০০০ সাল নাগাদ বাংলাদেশে সবার জন্য চিকিৎসা'র কর্মসূচী আছে। এ কর্মসূচী সফল করবে মূলত চিকিৎসকরা। বাংলাদেশের প্রায় বারো কোটি মানুষের জন্য চিকিৎসার ব্যবস্থা নিশ্চিত করতে হলে চিকিৎসকের সংখ্যা বৃদ্ধির প্রয়োজন হবে। একথা ঠিক যে দেশে বেকার চিকিৎসক রয়েছে। প্রশাসনিক ও সাংগঠনিক বিশৃঙ্খলার জন্য এ অবস্থা বহুকাল থেকে চলে এসেছে। সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থা পরিচালিত হলে চিকিৎসকদের কাজে লাগানো সম্ভব হবে।

দেশে আরও মেডিক্যাল কলেজ স্থাপন করার সিদ্ধান্ত ভাল নিশ্চয়। তবে একটা কথা মনে রাখা দরকার, দালান নির্মাণ করলেই মেডিক্যাল কলেজ স্থাপিত হবে না। মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য একটা পূর্ণাঙ্গ আয়োজন দরকার। উপযুক্ত শিক্ষক, সাজসরঞ্জাম, ল্যাবরেটরি, হাসপাতাল সবই প্রয়োজন হবে। দেশে যে মেডিক্যাল কলেজগুলি চালু রয়েছে সেগুলিতে নানারকম সমস্যা চালু আছে বলে শোনা যায়। পাঁচ বছরের কোর্স সমাপ্ত করতে শিক্ষার্থীদের ৭/৮ বছর পার হয়। ছাত্রাবাসেও অব্যবস্থা আছে। অনেক কলেজে ছাত্রীদের জন্য থাকার জায়গা নেই। আমরা মনে করি, আরও মেডিক্যাল কলেজ খোলা দরকার এবং ভালভাবে চলার ব্যবস্থাও করা দরকার।